



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের
তৃতীয় ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় ৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ৪ ডিসেম্বর ২০২২ তারিখ দুপুর ১২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদেরকে দেশের সেবার জন্য বেড়িয়ে যেতে হবে। সময়ানুবর্তিতা, নিয়মানুবর্তিতা, সততা ও নিষ্ঠার সাথে জীবনকে পরিচালিত করতে হবে। নিজেদেরকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলে দেশের কল্যাণে কাজ করে যেতে হবে। কেননা তোমাদের পরিবার, দেশের জনগণ এবং স্বাধীনতা সংগ্রামের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি তোমাদের দায়বদ্ধতা রয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মো. সোহেল রানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগের শিক্ষকমণ্ডলী, বিদায়ী শিক্ষার্থীসহ অন্যান্য শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বিদায়ী শিক্ষার্থীদের সম্মাননা ক্রেস্ট তুলে দেন অতিথিবৃন্দ। এদিকে সকাল ১১টায় বরিশাল ব্লাড ডোনারস ক্লাব (বিবিডিসি) বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে প্রশাসনিক ভবনের নিচ তলায় ফ্রি ডেন্টাল চেকআপ ক্যাম্পেইনের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, প্রক্টর ড. মো. খোরশেদ আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়